গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
আইসিটি শাখা

মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | অজিত কুমার পাল<br>সিনিয়র সহকারী পরিচালক |
| সভার তারিখ | ২১.০৮.২০২৩ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | লাইব্রেরি রুম, মৎস্য অধিদপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভার সভাপতি ও ইনোভেশন অফিসার ইনোভেশন কমিটির সদস্য জনাব সাধন চন্দ্র সরকারকে ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সম্পর্কে সভায় বিস্তারিতভাবে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। অতঃপর জনাব সাধন চন্দ্র সরকার সভায় মৎস্য অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

**আলোচনা ও সিদ্ধান্ত**

**১। সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনাঃ**

সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ক্ষেত্রে আইওটি বা স্মার্ট টেকনোলজি ব্যবহার করে অভয়াশ্রম মনিটরিং-এর একটি উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ ক্ষেত্রে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলার বন্যাবাড়ি অভয়াশ্রম অথবা মৌলভিবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার বাইক্কা বিল অভয়াশ্রম এর মধ্যে যে কোন একটি উদ্যোগ বাস্তবায়নের জন্য নির্ধারণ করা যেতে পারে। এ ক্ষেত্রে সম্ভাব্য ব্যয় এ বছরের মধ্যে ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন খাতে বরাদ্দকৃত অর্থ সংকুলানযোগ্য হলেই উদ্যোগটি কর্মপরিকল্পনায় অর্ন্তভূক্ত করা যেতে পারে অন্যথায় সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট এর সহযোগিতায় কার্যক্রমটি বাস্তবায়ন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ১-** আইওটি বা স্মার্ট টেকনোলজি ব্যবহার করে অভয়াশ্রম মনিটরিং-এর একটি উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন খাত থেকে অথবা সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট এর সহযোগিতায় কার্যক্রমটি বাস্তবায়ন করা যেতে পারে।

**২। ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু রাখা সংক্রান্ত আলোচনাঃ**

ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ যথা Fish Advice/ মৎস্য পরামর্শ - মোবাইল অ্যাপ, Dr Fish/ মাছের ডাক্তার - মোবাইল অ্যাপ, মৎস্যচাষি স্কুল - মোবাইল অ্যাপ, মৎস্য চাষি বার্তা - মোবাইল অ্যাপ, মৎস্য খাদ্যের লাইসেন্স প্রদান (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের সাথে সংযুক্ত), মৎস্য পরামর্শ সেবা ( মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের সাথে সংযুক্ত),অনলাইনে প্রশিক্ষণার্থী নিবন্ধন (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের সাথে সংযুক্ত), কল সেন্টারের মাধ্যমে সেবা প্রদান ইত্যাদি চালু রাখার এবং হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ২-** ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার এবং হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩। ইনোভেশন শোকেসিং সংক্রান্ত আলোচনাঃ**

উদ্ভাবন কার্যক্রম কে গতিশীল করার লক্ষ্যে কেন্দ্রীয়/বিভাগীয়/জেলা বা উপজেলা পর্যায়ে আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে নূন্যতম একটি ইনোভেশন শোকেসিং আয়োজন ও শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করার বাধ্যবাধকতা রয়েছে। এ ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অত্র দপ্তর হতে পত্র প্রদান করা যেতে পারে যাতে মাঠ পর্যায়ের দপ্তরসমূহ সঠিক সময়ে কার্যকরভাবে প্রস্তুতি নিতে পারে। উল্লেখ্য, জেলা পর্যায়ে ফেব্রুয়ারী'২৪ ,বিভাগীয় পর্যায়ে মার্চ'২৪ এবং কেন্দ্রীয় পর্যায়ে এপ্রিল'২৪ এর মধ্যে ইনোভেশন শোকেসিং কার্যক্রম সমপন্ন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ৩-** ইনোভেশন শোকেসিং এর ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অত্র দপ্তর হতে পত্র প্রদান করা যেতে পারে যাতে মাঠ পর্যায়ের দপ্তরসমূহ সঠিক সময়ে কার্যকরভাবে প্রস্তুতি নিতে পারে। উল্লেখ্য, জেলা পর্যায়ে ফেব্রুয়ারী'২৪ এবং বিভাগীয় পর্যায়ে মার্চ'২৪ এর মধ্যে ইনোভেশন শোকেসিং কার্যক্রম সমপন্ন করার জন্য জেলা ও বিভাগীয় দপ্তরে পত্র প্রদান করা যেতে পারে ।

**৪। ই- নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্তআলোচনাঃ**

২০২৩-২৪ অর্থ বছরে ই- নথির/ ডি- নথির ব্যবহার বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম জোড়দার করতে হবে। এ বিষয়ে ৫০ জন কর্মকর্তাকে সদর দপ্তরে বা মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, সাভারে Training of Trainers (TOT) প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। এছাড়া এ বিষয়ে ৮টি বিভাগে ৮টি প্রশিক্ষণের আয়োজন করার জন্য সভায় প্রস্তাব করা হয়। তাছাড়া সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীর জন্য ৫ব্যাচের প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব উপস্থাপিত হয়।

**সিদ্ধান্ত ৪-** ই- নথির / ডি- নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের ৫০ জন কর্মকর্তাকে সদর দপ্তরে বা মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, সাভারে Training of Trainers (TOT) প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ৮টি বিভাগে ৮টি প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সদর দপ্তরে কর্মকর্তা/কর্মচারীসহ ৫ব্যাচের প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫। তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনাঃ**

যে সকল দপ্তরের তথ্য বাতায়ন ছিল না, নতুন করে খোলা হয়েছে সে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে বাজেট সংকুলান সাপেক্ষে ৮টি বিভাগে ৮টি প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে ।


**সিদ্ধান্ত ৫-** তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য বাজেট সংকুলান সাপেক্ষে ৮টি বিভাগে ৮টি প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৬। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন সংক্রান্ত আলোচনাঃ**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সদর দপ্তরে ২টি কর্মশালা আয়োজন করতে হবে তবে বাজেট সংকুলান সাপেক্ষে ৮টি বিভাগে ৮টি কর্মশালা/সেমিনারের আয়োজন করা যেতে পারে । এ ক্ষেত্রে ডিপ্লোমা ইনস্টিটিউট, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, সামুদ্রিক মৎস্য দপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটগুলোকেও অর্ন্তভূক্ত করে কর্মশালা/সেমিনারের আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ৬-** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সদর দপ্তরে ২টি কর্মশালা আয়োজন করতে হবে এবং বাজেট সংকুলান সাপেক্ষে ৮টি বিভাগে ৮টি কর্মশালা/সেমিনারের আয়োজন করা যেতে পারে। এ ক্ষেত্রে ডিপ্লোমা ইনস্টিটিউট, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, সামুদ্রিক মৎস্য দপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটগুলোকেও অর্ন্তভূক্ত করে কর্মশালা/সেমিনারের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



অজিত কুমার পাল
সিনিয়র সহকারী পরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৫৫

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০
২৮ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব সাধন চন্দ্র সরকার, সহকারী পরিচালক-১, মৎস্য অধিদপ্তর
২) জনাব তাছলিমা আকতার, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর
৩) জনাব মোছাঃ ছালমা আক্তার, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর
৪) জনাব তন্ময় কুমার দাস, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর
৫) জনাব মোঃ শামসুল আলম পাটোয়ারী, ষ্টাফ অফিসার (সহকারী পরিচালক) মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

রুবানা ফেরদৌসী (মৌসুমী)
সহকারী পরিচালক-২